

## প্রাইমারি কেয়ার ট্রাস্ট

আপনার প্রথম স্বাস্থ্যের কোনো সমস্যা হলে আপনি সাধারণত যে ব্যক্তিদের সাথে দেখা করেন, তাদের দেওয়া সেবাই হল প্রাইমারি কেয়ার বা প্রাথমিক সেবা।

এটা একজন ডাক্তার বা ডেন্টিস্টের কাছে ভিজিট হতে পারে, চোখ পরীক্ষার জন্য একজন অপ্টিসিয়ানের কাছে ভিজিট হতে পারে, কিংবা কাশির ওষুধ কেনার জন্য একজন ফার্মাসিস্টের কাছে যাওয়াও হতে পারে। আপনার স্থানীয় প্রাইমারি কেয়ার ট্রাস্ট (PCT) আপনার জন্য এই সমস্ত পরিষেবার ব্যবস্থাপনা করে। ইংল্যান্ডে 151 টি PCT আছে।

NHS প্রতি বছর যে অর্থ ব্যয় করে, PCT-গুলি তার 80% অর্থকে নিয়ন্ত্রণ করে। তারা বোঝে যে স্থানীয় মানুষদের কী কী স্বাস্থ্য পরিষেবা প্রয়োজন এবং তারা নিশ্চিত করে যেন এগুলি প্রদান করা হয়। এগুলির মধ্যে হাসপাতাল পরিষেবা ও মানসিক স্বাস্থ্য পরিষেবাগুলিও অন্তর্ভুক্ত।

PCT-গুলি রোগীদের উপকারের স্বার্থে স্বাস্থ্য ও সামাজিক সেবা ব্যবস্থাগুলির একসাথে কাজ করার জন্যও দায়িত্ববান।

## NHS এর পরিবর্তনসমূহ

যেভাবে NHS চালানো হয়, সেটা পরের কয়েক বছরে পালটে যাবে।

এই মুহূর্তে প্রাইমারি কেয়ার ট্রাস্টগুলি স্থানীয় মানুষদের জন্য স্বাস্থ্য পরিষেবাগুলির উপরে NHS এর অর্থ ব্যয় করে। কিন্তু ভবিষ্যতে স্থানীয় ডাক্তাররা এই অর্থ খরচ করবেন।

এই ডাক্তাররা কনসার্টিয়াম নামে পরিচিত একটি স্থানীয় গোষ্ঠীতে একত্রে কাজ করবেন। তারাই অর্থ ব্যয় করার সেরা উপায়ের বিষয়ে সিদ্ধান্ত নেবেন।

যেহেতু তারা স্থানীয় ডাক্তার, তাই তারা জানবেন যে তাদের অঞ্চলের মানুষদের কী কী পরিষেবা প্রয়োজন। তারা তাদের রোগীদের মতামতগুলিও ঘনিষ্ঠভাবে শুনবেন।

রোগীদের কাছে কী কী চিকিৎসা আছে এবং তারা কোথায় এটা করাবেন সেই ব্যাপারে রোগীদের আরও বেশি বিকল্প থাকবে।

2013 এর মার্চ মাসের পরে আর প্রাইমারি কেয়ার ট্রাস্টগুলির কোনো অস্তিত্ব থাকবে না।

## কীভাবে অভিযোগ জানাতে হয়

NHS এর প্রত্যেকে রোগীদের ভাল পরিষেবা দেওয়ার জন্য কঠোর প্রচেষ্টা করেন। তবে কখনও কখনও ভুল হয়ে যায়।

আপনি যে পরিষেবা পেয়েছেন, আপনি যদি সেই ব্যাপারে খুশি না হন, তাহলে আপনার অভিযোগ জানানোর অধিকার আছে।

আপনার প্রথম যা করা উচিত, সেটা হল আপনাকে সংশ্লিষ্ট কর্মী সদস্য অথবা পেশেন্ট অ্যাডভাইস অ্যান্ড লিয়েজঁ সার্ভিস (PALS) এর সাথে কথা বলতে হবে, যেখানে আপনি চিকিৎসা বা সেবা পেয়েছিলেন।

এর অর্থ এই হতে পারে যে, আপনার উদ্বেগগুলিকে দূত সামলানো হতে পারে এবং আপনার প্রথাগত অভিযোগ জানানোর প্রয়োজন হবে না।

তবে আপনি যদি একটি প্রথাগত অভিযোগ জানাতে চান, তাহলে অনুগ্রহ করে কমপ্লেন্টস ম্যানেজারের সাথে যোগাযোগ করুন।

NHS এর কাছে জানানো সমস্ত অভিযোগকে গুরুত্ব সহকারে বিবেচনা করা হয়। প্রায় ক্ষেত্রেই তদন্ত শেষ হওয়ার পরে, এগুলির পরিণামে স্থানীয় স্বাস্থ্য পরিষেবাগুলির উন্নতি সাধিত হয়।

## অনুবাদ

লিফলেট, পুস্তিকা ও অন্যান্য নথি হিসেবে স্বাস্থ্য সংক্রান্ত তথ্য ও উপদেশের বিস্তৃত শ্রেণী পাওয়া যায়।

এগুলি বিভিন্ন ভাষায় প্রদান করা যেতে পারে, আপনার দৃষ্টিশক্তির কোনো সমস্যা থাকলে এগুলি ব্রেইল বা বড় ছাপার হরফেও দেওয়া যেতে পারে। আপনি টেপ বা সিডি-তেও বড় আকারের নথিগুলি শুনতে পারেন।

আরো তথ্যের জন্য অনুগ্রহ করে কমিউনিকেশন্স ডিপার্টমেন্টে 01305 361219 এ টেলিফোন করুন অথবা [Communications@dorset-pct.nhs.uk](mailto:Communications@dorset-pct.nhs.uk) এ ই-মেইল করুন।

আপনার যদি স্থানীয় ডাক্তারের সার্জারি বা হাসপাতালে অ্যাপয়েন্টমেন্ট থাকে এবং আপনার একজন অনুবাদকের প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে তাদের আগে থেকে জানান, তারা এর বন্দোবস্ত করতে পারবেন।